Class-XII : Accountancy : Term- II (Board Final) : 2022 : Marks-40

(I) সঠিক উত্তরটি নির্বাচন করো : **1 x 10 = 10**

(1) ত্যাগানুপাতের প্রভাবে পুরানো অংশীদারগণের —

(a) মুনাফার অংশে বৃদ্ধি পায (b) মুনাফার অংশে হ্রাস পায়

(c) মুনাফা একই থাকে (d) এর কোনটাই নয়

(2) একটি শেয়ারের অভিহিত মূল্য 100 টাকা, কোম্পানি 20% অধিহারের শেয়ার বিলি করলে শেয়ারের মূল্য কত হবে

(a) 80 টাকা (b) 88 টাকা (c) 102 টাকা (d) 120 টাকা

(3) অনুমোদিত মূলধনের যে অংশ জনসাধারণের কাছে বিক্রির জন্য বিলি করা হয় তাকে কী বলে?

(a) বিলিযোগ্য মূলধন (b) অনুমোদিত মূলধন

(c) বিলিকৃত মূলধন (d) এর কোনটাই নয়

(4) মূলধন জাতীয় মুনাফা থেকে যে সঞ্চিতির সৃষ্টি হয় তাকে বলে

(a) সংরক্ষিত মূলধন (b) মূলধন সঞ্চিতি

(c) সাধারণ সঞ্চিতি (c) এর কোনটাই নয়

(5) অধিহারে বিলিকৃত শেয়ার বাজেয়াপ্ত করা হলে পুর্নবিলির সময় বিলি করা হবে—

(a) সমহারে (b) অবহারে (c) অধিহারে (d) যে কোন হারে

(6) আর্থিক বিবরণী বিশ্লেষণ করে প্রতিষ্ঠানের কোন বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ করা হয়?

(a) ঋণ পরিশোধের ক্ষমতা (b) মুনাফা অর্জনের ক্ষমতা

(c) বিভিন্ন বিভাগের কার্যকারী ক্ষমতা (c) উল্লেখিত সবকটি

(7) প্রতিষ্ঠানের একাধিক হিসাব কালের আর্থিক বিবরণীগুলি বিশ্লেষণ করা হলে তাকে কী বলে?

(a) অনুভূমিক বিশ্লেষণ (b) উলম্ব বিশ্লেষণ

(c) অভ্যন্তরিণ বিশ্লেষণ (d) বাহ্যিক বিশ্লেষণ

(8) ত্বরিত অনুপাতের আদর্শ মনে হল —

(a) 1 : 1 (b) 2 : 1 (c) 1 : 2 (d) 3 : 1

(9) মজুতপণ্য আবর্তনের বেশী হওয়ার অর্থ—

(a) বেশি নগত বিক্রয় (b) বেশি ধারে বিক্রয়

(c) বেশি মোট বিক্রয় (d) বেশি মজুত পণ্য

(10) মালিকানা অনুপাতে মালিকানা তহবিলের সঙ্গে কার সম্পর্কের নির্ণয় করা হয়

(a) মোট সম্পত্তির (b) চলতি সম্পত্তির

(c) চলতি দায়ের (d) বাহ্যিক দায়ের

II. অতি সংক্ষেপে উত্তর দাও :- **1 x 20 = 20**

(1) অবসরগ্রহণ কালে নতুন মুনাফা বণ্টন অনুপাত দেওয়া না থাকলে কিভাবে তা নির্ধারিত হয়

(2) ত্যাগানুপাত এবং লাভ অর্জন অনুপাতের মধ্যে একটি পার্থক্য লিখ।

(3) নতুন মুনাফা বন্টন অনুপাত উল্লেখ থাকলে, লাভ- অর্জন অনুপাত কিভাবে নির্ধারিত হয়।

(4) অংশীদারের অবসর গ্রহনে প্রয়োজনীয় দুটি সমন্বয় উল্লেখ কর

(5) শেয়ার কাকে বলে?

(6) ন্যূনতম মূলধন কাকে বলে?

(7) অগ্রাধিকার শেয়ার কাকে বলে?

(8) অধিহারে শেয়ার বিলি কাকে বলে?

(9) অগ্রিম প্রাপ্ত তলবি কাকে বলে?

(10) শেয়ার বাজেয়াপ্তকরণ কাকে বলে?

(11) বিবরণপত্র কি?

(12) সংরক্ষিত মূলধন বলতে কী বুঝো?

(13) অভ্যন্তরীণ বিশ্লেষণ কাকে বলে?

(14) দেশ বিনিয়োগকারীগন আর্থিক বিবরণী বিশ্লেষণে উৎসাহী হন?

(15) তুলনামূলক বিবরণী কাকে বলে?

(16) সাধারণ আকৃতির উদবর্তপত্র কাকে বলে?

(17) দেনা-মালিকানা অনুপাত কাকে বলে?

(18) কার্যকারী মূলধন কী?

(19) মজুতপণ্য আবর্তণের অনুপাত বলতে কী বোঝায়?

(20) হিসাব সংক্রান্ত অনুপাত কাকে বলে?

III. সংক্ষেপে উত্তর দাও :- **2 x 5 = 10**

(1) A, B এবং C তিনজন অংশীদার যাদের লাভ-ক্ষতির অনুপাত 3 : 2 : 1 অবসর গ্রহণ করে। A এবং B-এর নতুন লাভ-ক্ষতির অনুপাত 4 : 3, A এবং B-এর লাভ-অর্জন অনুপাত নির্নয় করো।

(2) Stock এবং Share-এর মধ্যে দুটি পার্থক্য লিখ।

(3) AB Ltd. 20,000 শেয়ার 10 টাকা অভিহিত মূল্যে বিক্রি করে যা আবেদনের সাথে একসঙ্গে গ্রহণ করা হয় তারজন্য প্রয়োজনীয় দাখিলা দাও

(4) নগদ প্রবাহের বিবরণী কাকে বলে?

(5) একটি কোম্পানীর চলতি সম্পত্তির 5,00,000 টাকা, চলতি অনুপাত 2.5 : 1 এবং ত্বরিত অনুপাত 1 : 1, চলতি দায়, তরল সম্পত্তি এবং মজুত পণ্যের মূল্য নির্ণয় কর।